আজকের কাগজ

তারিখ 26 NOV 1992

# পরীক্ষা কেন্দ্রের স্থান বিভ্রাট পরীক্ষার্থিনী বিপাকে

চাকরির লিখিত পরীক্ষার জন্যে সংশ্লিষ্ট দপ্তর থেকে প্রেরিত প্রবেশপত্রে কেন্দ্রের স্থান বিভ্রাটের ফলে জনৈকা পরীক্ষার্থিনী বিপাকে পড়েছেন। দিনাজপুর জেলার ফুলবাড়ী থানার পশ্চিম গৌরিপাড়া গ্রামের মোঃ আবদুল করিম সরকারের কন্যা তহমীনা গুলশান আরা, উপ-নিবন্ধক, সমবায় সমিতিসমূহ রাজশাহী বিভাগ, রাজশাহী অধিদপ্তরের অধীনে সহকারী পরিদর্শক পদের একজন প্রার্থী। উক্ত দপ্তর থেকে তহমীনা গুলশান আরার নামে লিখিত পরীক্ষার জন্যে প্রবেশপত্র প্রেরণ করা হয়। যার রোল নং ৬৩৭। প্রেরিত প্রবেশপত্রে লিখিত পরীক্ষার দিন, তারিখ ও সময় উল্লেখ থাকলেও পরীক্ষা কেন্দ্রের স্থানের ক্ষেত্রে উক্ত পরীক্ষার্থিনীকে বিভ্রান্তির মধ্যে ফেলা হয়েছে। এ ক্ষেত্রে প্রেরিত প্রবেশপত্রে স্থানের নাম লেখা হয়েছে মুসলিম হাইস্কুল পরীক্ষা কেন্দ্র। কিন্তু মুসলিম হাই স্কুলটি কোন্ জেলা বা বিভাগীয় শহরে সে কথা প্রবেশপত্রে উল্লেখ নেই। যার কারণে পরীক্ষার্থীনি তহমীনা গুলশান আরাকে পরীক্ষা কেন্দ্রের স্থান নিয়ে বিভ্রান্তির মধ্যে পড়তে হয়েছে।

তহমীনা গুলশান আরার নামে প্রেরিত প্রবেশপত্রে স্বাক্ষর করেছেন মোঃ মনসুর রহমান উপ-নিবন্ধক সমবায় সমিতিসমূহ রাজশাহী বিভাগ, রাজশাহী যার স্মারক নং ৩২৯৫ (৪১৫৪) তাং ৩-১১-৯২ ইং।

পরীক্ষার প্রবেশপত্রে স্থান বিভ্রাট সম্পর্কে অনেকের মন্তব্য চাকরি প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত রাখার জন্যেই সংশ্লিষ্ট দপ্তর থেকে এ ধরনের কৌশল অবলম্বন করা হয়েছে। ফুলবাড়ী থেকে অমরচাঁদ গুপ্ত অপু।